প্রথম আলো

তারিখ 01 FEB 2018
পৃষ্ঠা ৭ কলাম ২

# শিক্ষার্থীদের উদ্ভাবন উঠে এল বিজ্ঞান মেলায়

রাজধানী প্রতিবেদক

স্টলের টেবিলের ওপর ককশিট দিয়ে তৈরি উঁচু দালান, কারখানা, ঘনবসতিপূর্ণ এলাকা, পুকুর, রাস্তার আবর্জনা এবং রাস্তার ধারে পানির পাইপের প্রতীকী উপস্থাপনার মাধ্যমে তুলে ধরা হয়েছে মিরপুর এলাকার চিত্র। দেখানো হয়েছে বিভিন্ন স্থান থেকে ময়লা পাইপের মাধ্যমে পুকুরে গিয়ে কিংবা ওয়াসার পাইপের সঙ্গে যুক্ত হয়ে কীভাবে পানি দূষিত করে।

পাশের একটি স্টলে দেখা গেল, প্লাস্টিকের বোতল কেটে তৈরি করা হয়েছে শিশুদের খেলনা গাড়ি, ফুল, কলমদানিসহ ঘর সাজানোর নানা উপকরণ।

নৈমিত্তিক জীবনে কাজে লাগে, বিজ্ঞানের এমন আরও কিছু উদ্ভাবন নিয়ে গতকাল বুধবার মহাখালীর ওয়্যারলেস গেট-সংলগ্ন টিঅ্যান্ডটি মাঠে অনুষ্ঠিত হলো বিজ্ঞান মেলা। ব্র্যাক শিক্ষা কর্মসূচি আয়োজিত দিনব্যাপী এ মেলায় অংশ নেয় সারা দেশ থেকে আসা ব্র্যাক স্কুলের বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীরা। ১৭টি স্টলে ২৪টি উদ্ভাবন প্রদর্শন করে শিক্ষার্থীরা।

বিজ্ঞান পাঠকে সহজ করা ও শিক্ষার্থীদের মধ্যে ভীতি দূর করে বিজ্ঞানের প্রতি আকর্ষণ তৈরির লক্ষ্যে এই আয়োজন বলে জানান আয়োজকেরা।

সকালে এই মেলার উদ্বোধন করেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবু হেনা মোস্তফা কামাল। এ সময় উপস্থিত ছিলেন ব্র্যাকের শিক্ষা কর্মসূচির প্রধান প্রফুল্ল চন্দ্র বর্মণ ও সমন্বয়ক নজরুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মসূচির কর্মকর্তারা। বিকেলে মেলা শেষে সেরা উদ্ভাবনের পুরস্কার জিতে নেয় সাভারের ব্র্যাক স্কুলের শিক্ষার্থীদের 'পানির উচ্চতা মাপক যন্ত্র' প্রকল্প।